

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৭০

আগরতলা, ১৬ অক্টোবর, ২০২৩

প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনা
পুরাতন আগরতলা ব্লকে ১২টি গভীর নলকূপ

প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় চলতি অর্থবছরে পুরাতন আগরতলা ব্লকে জলসেচের উৎস সৃষ্টির জন্য ১২টি গভীর নলকূপ খনন করা হবে। ব্লকের পশ্চিম নোয়াগাঁও, পূর্ব নোয়াগাঁও, দেবরামঠাকুর পাড়া ও মধ্য চাম্পামুড়া গ্রাম পঞ্চায়েতে এবং রাধামোহনপুর, পশ্চিম রাধামোহনপুর ও বর্ধমান ঠাকুর পাড়া ভিলেজে গভীর নলকূপগুলি খনন করা হবে। জলসম্পদ দপ্তরের পুরাতন আগরতলা ব্লক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
